



একশোটি মোমবাতি

কাইউম পারভেজ

একশোটি মোমবাতি জ্বলবে আজ এই ভূ-খন্ডে।
পঞ্চাশটি সাদা পঁয়তাল্লিশটি লাল। রক্তলাল।



পিতা- আপনি যে ভূ-খন্ডটি আমাদের করে দিলেন
আমরা বুকে হাত দিয়ে আলেকজান্ডারের মত করে
বলতে পারি - এটা আমার। শুধুই আমার।
আমরা চিৎকার করে বিদ্রোহী কবির মত করে
বলতে পারি - এটা আমার ভূখন্ড - আমারই দেশ।
আমরা সুরে সুরে আনন্দ ধ্বনিতে গাইতে পারি
... 'সে যে আমার জন্মভূমি' - শুধু আপনারই জন্য পিতা।
সেই কবে থেকে আপনি একটা মুক্ত বাংলার স্বপ্ন দেখতেন
যেদিন আপনি পিতার ধানের গোলা খুলে দিলেন
অভাগাদের জন্য।
কেতাব পুস্তক শিকেয় তুলে দিয়ে
স্বপ্নের বীজ বুনতে লাগলেন।
প্রকৃত কৃষক শ্রমিক মেহনতী মানুষের প্রতীক আপনি
গণ জাগরণের জোয়ার তুলে দিলেন।
জেগে উঠলো পদ্মা মেঘনা যমুনার মানুষেরা।
জাগলো -জাগলো ভূখন্ডটা।
রবীন্দ্রনাথের মত করে আমরা বললাম বাঁধ ভেঙ্গে দাও ... ভাঙ্গে।



আমাদের কিছুই ছিলো না - ছিলো শুধু সাতই মার্চ
ওটাই বারুদ, ওটাই অস্ত্র, ওটাই শক্তি সেটাই মাদুলী।
কেউ পারেনি রুখতে যেমন পারেনি "দাবায়ে রাখতে"
জয় বাংলা হাঁক-ডাক দিয়ে ছুটেছি লড়তে।
সে যে স্বাধীনতার লড়াই মুক্তির লড়াই
দেশটা আমার বলার লড়াই।



আজ আপনার জন্মদিন পিতা।
একশো বছরের নওজোয়ান।
যতদিন এ দেশটা থাকবে এ ভূখন্ড থাকবে
আপনি থাকবেন চিরঞ্জীব নওজোয়ান।
চেয়ে দেখুন সাড়ে সাত কোটি এখন ষোল কোটি
সবার মুখে আজ শুভ জন্মদিন।
শত বছর আগে যদি আপনি না হতেন
আজ এ ভূ-খন্ডটা পরাধীনই থাকতো
এ জাতি হতো পদ্ম পাতায় জল।
আপনি ভাল থাকুন পিতা - শুভ জন্মদিন।



একশোটি মোমবাতি জ্বলবে আজ এই ভূখন্ডে।
পঞ্চাশটি সাদা পঁয়তাল্লিশটি লাল। রক্তলাল।